

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
বন্দর, নারায়নগঞ্জ।

সেবার তালিকা (List of Services)

উপজেলা মৎস্য অফিসারের কার্যালয় কর্তৃক প্রদত্ত সেবাসমূহ

- ❖ উন্নত পদ্ধতিতে মাছ ও চিংড়ি চাষ এবং অন্যান্য জলজ সম্পদ ব্যবস্থাপনা বিষয়ক লাগসই প্রযুক্তি সম্পর্কিত তথ্য প্রদান;
- ❖ মৎস্য চাষির প্রযুক্তি চাহিদা নিরূপন এবং চাহিদা ভিত্তিক লাগসই প্রযুক্তির উপর প্রশিক্ষণ পরিকল্পনা প্রনয়ন;
- ❖ মৎস্য খাদ্য আইন, ২০১০ ও মৎস্য খাদ্য বিধিমালা, ২০১১ এর আওতায় জেলা মৎস্য দপ্তরের সমন্বয়ে মৎস্য খাদ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করা এবং মৎস্য খাদ্য নমুনা সংগ্রহ ও তা পরীক্ষা করে মৎস্য খাদ্য আইন ২০১০ ও মৎস্যখাদ্য বিধিমালা ২০১১ প্রতিপালনে ব্যর্থ প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন;
- ❖ মাছ ও চিংড়িতে ফরমালিনসহ নিষিদ্ধ ঘোষিত অপদ্রব্য ব্যবহাররোধ এবং নিরাপদ মৎস্য খাদ্য সরবরাহে সহযোগিতা প্রদান;
- ❖ মাছ ও চিংড়িচাষ বিষয়ক প্রযুক্তি সফলভাবে হস্তান্তরের লক্ষ্যে উদ্বুদ্ধকরন, চাষি প্রশিক্ষণ, প্রদর্শনী খামার পরিচালনার জন্য প্রশিক্ষণ সামগ্রী, ম্যানুয়েল, বার্ষিক প্রতিবেদন ইত্যাদি বিতরণ;
- ❖ অধিক উৎপাদন নিশ্চিত করার লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রনয়ন;
- ❖ মৎস্য উৎপাদন বৃদ্ধিতে ব্যাপক গনসচেতনত সৃষ্টির লক্ষ্যে জাতীয় মৎস্য সপ্তাহ পালন, মৎস্য পুরস্কার প্রদানসহ অন্যান্য বিভাগের পুরস্কার প্রদান ও মনোনয়নে সহায়তা প্রদান;
- ❖ প্রযুক্তি হস্তান্তর, সম্প্রসারণ ও সম্প্রসারণ কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সকল প্রকার মুদ্রিত এবং অডিও ভিজুয়াল সম্প্রসারণ সামগ্রী জনগোষ্ঠীর মধ্যে বিতরণ;
- ❖ অভ্যন্তরীণ মৎস্য সম্পদ জরীপ পরিচালনা করা;
- ❖ প্রাকৃতিক দুর্যোগকালীন সময় সার্বক্ষনিক মনিটরিং রুম খোলা রেখে মাঠপর্যায় থেকে ক্ষয়ক্ষতির তথ্য সংগ্রহ করা ও তা একীভূত করে জেলায় প্রেরণ করা;
- ❖ কর্মকর্তা-কর্মচারিগণের চাকরি নিয়মিতকরন ও স্থায়ীকরনের ব্যবস্থা করা;
- ❖ দপ্তরের কর্মচারিদের বার্ষিক বর্ধিত বেতন প্রদান;
- ❖ কর্মকর্তা-কর্মচারিগণের ছুটি, পদায়ন ও বদলীতে সহায়তা করা;
- ❖ কর্মকর্তা-কর্মচারিদের লামগ্রান্ট ও পেনশন মঞ্জুরীর ব্যবস্থা/সহায়তা করা;
- ❖ কর্মকর্তা-কর্মচারিদের শৃঙ্খলাজনিত কার্যক্রম বাস্তবায়নের ব্যবস্থা করা;
- ❖ কর্মকর্তা-কর্মচারিদের বিএফ ও জিপিএফ অগ্রিম মঞ্জুরীর ব্যবস্থা/সহায়তা করা;
- ❖ কর্মকর্তা-কর্মচারিদের বহিঃবাংলাদেশ গমনে পার্সপোর্ট প্রাপ্তির জন্য অনাপত্তি (NOC) প্রদানের ব্যবস্থা করা;
- ❖ নিরাপদ মৎস্য উৎপাদনের লক্ষ্যে উত্তম মৎস্যচাষ পদ্ধতি বাস্তবায়নে সহায়তা করা;
- ❖ মাছ ও চিংড়িতে অপদ্রব্য পুশ রোধ কল্পে অভিযান পরিচালনা করা;
- ❖ মৎস্য ও মৎস্যপণ্য রপ্তানিতে ভূমিকা রাখার কারণে জাতীয় মৎস্য সপ্তাহের পুরস্কার প্রদানের মনোনয়নের জন্য সহায়তা করা;
- ❖ প্রতি মাসের আয়ের রিপোর্ট জেলায় প্রেরণ নিশ্চিত করা।